



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
'কৃষি ভবন'  
৪৯-৫১ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
এগ্রো সার্ভিস বিভাগ  
(e-mail : aschobadc@gmail.com)

কৃষিই সমৃদ্ধি


স্মারক নং- ১২.২৮৪.০৩৫.০১.০১.০০২.২০১৮/১০২

তারিখ : ০২ অগাস্ট, ২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ** ২০১৭-১৮ বর্ষের সংস্থার উদ্যান উন্নয়ন বিভাগ ও এগ্রো সার্ভিস বিভাগের আওতাধীন খামারসমূহের অবিক্রিত নারিকেল চারার বিক্রয় মূল্য পূর্ণনির্ধারণের জন্য "মূল্য নির্ধারণ কমিটি" র সভার কার্যবিবরণী।

বিএডিসি'র উদ্যান উন্নয়ন বিভাগ ও এগ্রো সার্ভিস সেন্টার কার্যক্রম এর আওতাধীন খামারসমূহের জন্য ২০১৭-১৮ বর্ষের অবিক্রিত (৩৪,৪১০ + ৩৭৭৬৮) = ৭২,১৭৮ টি নারিকেল চারার বিক্রয়মূল্য পূর্ণনির্ধারণের জন্য গত ০১ অগাস্ট ২০১৮ তারিখে বিএডিসি'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে মূল্য নির্ধারণ কমিটির সভা সংস্থার পর্যদ কক্ষে অনুষ্ঠিত হয়। মূল্য নির্ধারণ কমিটির সিদ্ধান্তের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ০১(এক) সেট কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে (৩ পৃষ্ঠা)।

  
(মোঃ নূরনবী সরদার)  
পরিচিতি নং-০২০০৮১  
মহাব্যবস্থাপক (এএসসি)  
বিএডিসি, ঢাকা।

স্মারক নং- ১২.২৮৪.০৩৫.০১.০১.০০২.২০১৮/১০২(১৭)


তারিখ : ০২ অগাস্ট, ২০১৮ খ্রিঃ


প্রাপক,

- ১। উপপরিচালক(এএসসি), বিএডিসি, দিনাজপুর/রংপুর/পাবনা/খুলনা/জামালপুর/  
কিশোরগঞ্জ/সিলেট/লামা/বন্দরবান/নোয়াখালী/বরিশাল/পটুয়াখালী/বরগুনা/মেহেরপুর।

অনুলিপি বিতরণ (সদয় জ্ঞাতার্থে) :

- ১। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ২। প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
- ৩। অফিস কপি।

  
(ড. মোঃ ইসমাত)  
পরিচিতি নং-০২০১৩৬  
ব্যবস্থাপক (এএসসি)  
বিএডিসি, ঢাকা।

*Programman*  
  
05.8.18

২০১৭-১৮ বর্ষের সংস্থার উদ্যান উন্নয়ন বিভাগ ও এগ্রো সার্ভিস বিভাগের আওতাধীন খামারসমূহের অবিক্রিত নারিকেল চারার বিক্রয় মূল্য পূর্ণনির্ধারণের জন্য “মূল্য নির্ধারণ কমিটি” র সভার কার্যবিবরণী :

স্থান	:	সংস্থার পর্যদ কক্ষ
তারিখ	:	০১ আগস্ট ২০১৮
সময়	:	বিকাল ০৩.৩০ ঘটিকা

২০১৭-১৮ বর্ষে সংস্থার উদ্যান উন্নয়ন বিভাগ ও এগ্রো সার্ভিস বিভাগের আওতাধীন খামার সমূহের অবিক্রিত নারিকেল চারার বিক্রয় মূল্য নির্ধারণের জন্য সংস্থার চেয়ারম্যান মোঃ নাসিরুজ্জামান এর সভাপতিত্বে “মূল্য নির্ধারণ কমিটি” এর সভা অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নোক্ত সদস্য-পরিচালকগণ উপস্থিত ছিলেন :

১। জনাব মাহমুদ হোসেন, সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।

২। জনাব বরনা বেগম, সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।

ও

সদস্য পরিচালক (অর্থ), (অতিরিক্ত দায়িত্ব) বিএডিসি, ঢাকা।

৩। জনাব মোঃ আব্দুল জলিল, সদস্য-পরিচালক (সুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।

এছাড়াও মহাব্যবস্থাপক (উদ্যান) জনাব মুহাঃ আজহারুল ইসলাম, মহাব্যবস্থাপক (এএসসি) জনাব মোঃ নূরনবী সরদার, ব্যবস্থাপক (উদ্যান) জনাব মাসুদ আহমেদ এবং ব্যবস্থাপক (উৎপাদন), এএসসি বিভাগ জনাব ড. মোঃ ইসবাত সভায় উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (উদ্যান) জনাব মুহাঃ আজহারুল ইসলাম সভার কার্যপত্র উপস্থাপন করেন।

আলোচ্য বিষয় : উদ্যান উন্নয়ন বিভাগের ০৮ (আট) টি কেন্দ্র ও এএসসি বিভাগের ১১ (এগারো) টি কেন্দ্র মোট ১৯ (উনিশ) টি কেন্দ্রের জন্য ২০১৭-১৮ সালের অবিক্রিত সর্বমোট ৭২,১৭৮ টি নারিকেল চারার বিক্রয়মূল্য পূর্ণ নির্ধারণ।

সভার প্রারম্ভে মহাব্যবস্থাপক (উদ্যান) সভাকে অবহিত করেন যে, সংস্থার উদ্যান উন্নয়ন বিভাগ ও এএসসি বিভাগের মাধ্যমে প্রতি বছর নারিকেলের চারা উৎপাদন ও বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়। প্রকল্প এলাকার কৃষক এবং জনসাধারণের মাঝে উন্নতমানের নারিকেল চারা বিতরণের উদ্দেশ্যে গত ২০১৭-১৮ অর্থ বছরে এগ্রো সার্ভিস বিভাগের ১৪ (চৌদ্দ) টি কেন্দ্রে ২,২০,০০০ টি বীজ নারিকেল হতে ১,৫৪,০০০টি বিক্রয়যোগ্য নারিকেল চারা উৎপাদিত হয় এবং উদ্যান উন্নয়ন বিভাগের ৯ টি কেন্দ্রে ১,৬২,০০০ টি বীজ নারিকেল হতে সর্বমোট ১,১২,৮০০টি বিক্রয়যোগ্য নারিকেল চারা উৎপাদিত হয়। অর্থাৎ ৩,৮২,০০০ টি বীজ নারিকেল হতে সর্বমোট ২,৬৬,৮০০টি বিক্রয়যোগ্য নারিকেল চারা উৎপাদিত হয়। উৎপাদিত নারিকেল চারা বিক্রয়ের জন্য গত ১৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মূল্য নির্ধারণ কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নং- ২ আলোকে নারিকেল বীজ থেকে উৎপাদিত নারিকেল চারার বিক্রয় মূল্য নির্ধারণ করা হয় ন্যূনতম ৫৫/- (পঞ্চাশ) টাকা এবং পাহাড়ী এলাকার জন্য ৫৪/- (চুয়ান্ন) টাকা। উক্ত বিক্রয় মূল্যে ৩১-০৭-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত উদ্যান উন্নয়ন বিভাগের বিক্রয়কৃত নারিকেল চারার সংখ্যা ৭৮,৩৯০ টি এবং অবিক্রিত নারিকেল চারার সংখ্যা ৩৪,৪১০ টি। অনুরূপ ভাবে ৩১-০৭-২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত এগ্রো সার্ভিস বিভাগের বিক্রয়কৃত নারিকেল চারার সংখ্যা ১,১৬,২৩২ টি এবং অবিক্রিত নারিকেল চারার সংখ্যা ৩৭,৭৬৮ টি। অর্থাৎ সর্বমোট অবিক্রিত নারিকেল চারার সংখ্যা (৩৪,৪১০ + ৩৭,৭৬৮) = ৭২,১৭৮ টি।

১৯ টি কেন্দ্রের অবিক্রিত নারিকেল চারার তথ্যাদি নিম্নরূপ : উদ্যান উন্নয়ন বিভাগের ৮ টি কেন্দ্রের অবিক্রিত নারিকেল চারা (উউকে কাশিমপুর - ৫৮২১ টি, উউকে রাজশাহী - ১৩৫০ টি, উউকে পটিয়া - ৬২৯৮ টি, উউকে যশোর - ২০০০ টি, উউকে টাঙ্গাইল - ১৫৭৩ টি, উউকে মুক্তাগাছা - ৮৯৮৬ টি, উউকে বগড়া - ৬৫২৮ টি, উউকে কুষ্টিয়া - ১৮৫৪ টি) = ৩৪,৪১০ টি। এগ্রো সার্ভিস বিভাগের ১১টি কেন্দ্রের অবিক্রিত নারিকেল চারা (এএসসি দিনাজপুর - ২৮০০ টি, এএসসি পাবনা - ৫৫৪৭ টি, এএসসি খুলনা - ৫৬১৭ টি, এএসসি সিলেট - ৯৩৫ টি, এএসসি জামালপুর - ২৪৩৭ টি, এএসসি কিশোরগঞ্জ - ১৫৬০ টি, এএসসি নোয়াখালী - ৭৮১৭ টি, এএসসি বরিশাল - ৫১৭৭ টি, এএসসি পটুয়াখালী - ৫২২ টি, এএসসি বরগুনা - ১৫৩ টি, এএসসি মেহেরপুর - ৫২০৩ টি) = ৩৭,৭৬৮ টি।

তিনি সভাকে আরও অবহিত করেন যে, উদ্যান উন্নয়ন বিভাগ ও এগ্রো সার্ভিস বিভাগের কেন্দ্রসমূহ কর্তৃক উৎপাদিত অত্যন্ত গুণগত মানসম্পন্ন নারিকেল চারা বিক্রয়ের সর্বোচ্চ প্রচেষ্টা নেয়া সত্ত্বেও উচ্চ মূল্যসহ বিভিন্ন কারণে (বিগত জুন মাসে রোজা ও ঈদুল ফিতর থাকা, অনিয়মিত বৃষ্টিপাত, খরা ইত্যাদি) নারিকেলের চারা বিক্রয়ে ধীর গতি লক্ষ্য করা যাচ্ছে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রেরিত তথ্যে জানা যায় ব্যক্তি পর্যায়ের নাসারী মালিকরা স্থানীয় বাজারে ৩৫/- টাকা হতে ৪৫/- টাকা দরে নারিকেল চারা বিক্রয় করছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হটিকালচার উইং এর স্মারক নং-১৭৫ তারিখ ২৯ জুন ২০১৭,এ জারীকৃত পত্রে ২০১৭-১৮ অর্থ বছরের উৎপাদিত নারিকেল চারার বিক্রয়মূল্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে নির্ধারণ করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ২টি সরকারী প্রতিষ্ঠান (ডিএই ও বিএডিসি) এর মধ্যে নারিকেল চারা মূল্যের ব্যবধান ৫/- (পাঁচ) টাকা। নারিকেল চারার মূল্য হ্রাস করা হলে নারিকেল চারা বিক্রয়ের গতিশীলতা আসবে, সমুদয় নারিকেল চারা বিক্রয় হবে এবং সংস্থা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে না।

এমতাবস্থায়, অন্যান্য সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি মালিকানাধীন নাসারী গুলোর তুলনায় বিএডিসি'র কেন্দ্রসমূহে নারিকেল চারার বিক্রয়মূল্য বেশী হওয়ায় ক্রেতা কর্তৃক নারিকেল চারা ক্রয়ে অনীহা পরিলক্ষিত হচ্ছে বিধায় বিএডিসি'র নারিকেল চারার মূল্য ৫৫/- (পঞ্চাশ) টাকা হতে কমিয়ে ৫০/- (পঞ্চাশ) টাকা এবং পাহাড়ী এলাকার জন্য ৫৪/- (চুয়ান্ন) টাকা হতে ৪৯/- (উনপঞ্চাশ) টাকা করার প্রস্তাব করা হলো।


#### আলোচনা ও পর্যালোচনা :

চেয়ারম্যান মহোদয় ও সম্মানিত সদস্য পরিচালকবৃন্দ উদ্যান উন্নয়ন বিভাগ ও এগ্রো সার্ভিস বিভাগের আয় বৃদ্ধি এবং অত্যন্ত গুণগত মান সম্পন্ন নারিকেল চারা সমগ্র দেশের প্রত্যন্ত অঞ্চলে বিতরণের কার্যক্রম চলমান রাখা, কৃষক ও জনসাধারণ পর্যায়ে বিএডিসি'র নারিকেল চারার গুণগতমান এবং গ্রহনযোগ্যতার বিষয়, নারিকেল চারা বিক্রয়ের গতিশীলতা আনয়ন এবং ক্যারিওভার চারা পরিহার ইত্যাদি বিষয়ের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। তাছাড়া মাঠ পর্যায়ের দপ্তর সমূহের প্রস্তাব, স্থানীয় বাজার দর, জেলা বাজার কর্মকর্তা নোয়াখালী কর্তৃক উদ্ধৃত নারিকেল চারার বর্তমান বাজার দর ও সর্বোপরি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর স্মারক নং-১২.১২.০০.০০২.৩৭.২৫১.১২/১৭৫/১(১৮০), তারিখ: ২৯/০৬/২০১৭ খ্রি: মোতাবেক ২০১৭-১৮ অর্থ বর্ষের দেশী নারিকেল চারার বিক্রয় মূল্য ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে কমিটি নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন :

১। বিএডিসি'তে বর্তমান নারিকেল চারার বিক্রয়মূল্য ৫৫/- (পঞ্চাশ) টাকা হতে কমিয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর মতো ৫০/- (পঞ্চাশ) টাকা এবং পাহাড়ী এলাকার জন্য ৫৪/- (চুয়ান্ন) টাকা হতে কমিয়ে ৪৯/- (উনপঞ্চাশ) টাকা পুনঃনির্ধারণ করা হলো। উক্ত বিক্রয় মূল্য ০২ আগস্ট ২০১৮ খ্রি: তারিখ হতে কার্যকর হবে।


অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুল জলিল)

(যুগ্ম-সচিব)

সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ),  
বিএডিসি, ঢাকা।




(ঝরনা বেগম)

(অতিরিক্ত সচিব)

সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা),

ও


সদস্য পরিচালক (অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)  
বিএডিসি, ঢাকা।



(মোঃ মাহমুদ হোসেন)

(অতিরিক্ত সচিব)

সদস্য পরিচালক (বীজ ও উদ্যান),  
বিএডিসি, ঢাকা।




(মোঃ নাসিরুজ্জামান)








(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

বিএডিসি, ঢাকা।



চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ২০১৭-১৮ সালের নারিকেল চারা বিক্রয়মূল্য পুনঃনির্ধারণের জন্য মূল্য নির্ধারণ কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের বিবরণী।

ক্রঃ নং	উপস্থিত সদস্যের নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
১.	জনাব মোঃ মাহমুদ হোসেন সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) বিএডিসি, ঢাকা	 ০৭/০৮/১৮
২.	জনাব করনা বেগম (অতিরিক্ত সচিব) সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা) বিএডিসি, ঢাকা	 ২৮/২/১৮
৩.	জনাব মোঃ আব্দুল জলিল সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ) বিএডিসি, ঢাকা	 ০২/০৮-২০১৮
৪.	জনাব মুহাঃ আজহারুল ইসলাম মহাব্যবস্থাপক (উদ্যান) বিএডিসি, ঢাকা	 ০৭/৮/১৮
৫.	জনাব মোঃ নূরনবী সরদার মহাব্যবস্থাপক (এএসসি) বিএডিসি, ঢাকা	 ০২/০৮/২০১৮
৬.	জনাব মাসুদ আহমেদ ব্যবস্থাপক (উদ্যান) বিএডিসি, ঢাকা	 ২/৮/২০১৮
৭.	ড. ইসবাত ব্যবস্থাপক (উৎপাদন) বিএডিসি, ঢাকা	 ০৭/০৮/২০১৮
৮.		
৯.		
১০.		